দৈনিক সংবাদ

তারিখ ··· DEC. 2 1 1999
পৃষ্ঠা ১০ কলাম ৮

37

# স্কুল-কলেজ ও মাদ্রাসা ছাত্রছাত্রীদের জন্য রচনা প্রতিযোগিতা

শহীদ মওলানা অলিউর রহমান স্মৃতি পরিষদ স্কুল-কলেজ-মাদ্রাসার ছাত্রছাত্রীদের জন্য এক রচনা প্রতিযোগিতার আহ্বান করেছে।

স্নাতক, স্নাতকোত্তর ও সমমানের ছাত্রছাত্রীদের 'শহীদ মওলানা অলিউর রহমানের অসংকলিত রচনাবলী' নবম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রীদের 'স্বাধীনতা সংগ্রামে আলীম-উলামাদের অবদান' এবং অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্র-ছাত্রীদের 'ইসলামী জীবন যাপনে শান্তি' শীর্ষক রচনা দেড় হাজার শব্দের মধ্যে ফুলস্কেপ কাগজের এক পৃষ্ঠায় লিখে আগামী ৩০শে ডিসেম্বরের মধ্যে পাঠাতে বলা হয়েছে। রচনা পাঠানোর ঠিকানা- মওলানা আবদুল্লাহ বিন সাঈদ জালালাবাদী, ইমাম ও খতিব, বাংলাদেশ সচিবালয় জামে মসজিদ, ঢাকা-১০০০।

উল্লেখ্য, প্রতিটি বিভাগের ১ম, ২য় ও ৩য় পুরস্কারের মূল্যমান যথাক্রমে ১ হাজার, ৫শ' ও ২শ' টাকার প্রাইজবন্ড।